64

তারিখ ... 29 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

দৈনিক ইত্তেফাক

# সূর্যসেন হল সমস্যা নিরসনে উদ্যোগ অব্যাহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল দখল-বেদখল সমস্যা নিরসনে ভিসি প্রফেসর এ.কে. আজাদ চৌধুরী তাঁহার উদ্যোগ অব্যাহত রাখিয়াছেন। (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সূর্যসেন হল

(১ম পৃঃ পর)

গতকাল (সোমবার) ভিসি আওয়ামী লীগ নেতা তোফায়েল আহমদ ও আমির হোসেন আমু এবং বিএনপির মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়ার সহিত হল সমস্যা নিয়া টেলিফোনে কথা বলিয়াছেন। আওয়ামী লীগ নেতৃবৃন্দ একটি বৈঠকে বসিবার ব্যাপারে সাড়া দিলেও বিএনপি মহাসচিব সময় চাহিয়াছেন।

এদিকে সূর্যসেন হল দখলমুক্ত করার দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল আহূত ধর্মঘটের দ্বিতীয় দিনে গতকাল ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। একাডেমিক ও প্রশাসনিক ভবনসমূহ বন্ধ ছিল। ছাত্রদল ধর্মঘটের সমর্থনে পূর্বাহ্নে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করে। অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ প্রতিষ্ঠার জন্যই বহিরাগত অস্ত্রধারী সন্ত্রাসীদের বিরুদ্ধে নিয়মতান্ত্রিক কর্মসূচী দিয়াছি। কর্তৃপক্ষ উদাসীন হইলে এবং কর্মসূচী বাধাগ্রস্ত হইলে পরিণাম হইবে ভয়াবহ। সমাবেশে দলের সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, সাধারণ সম্পাদক হাবিবুন নবী সোহেল, ছাত্রনেতা নাসিরউদ্দিন পিন্টু, মনোয়ার হোসেন রানা, সাইফুল আলম নীরব, নাসির উদ্দিন অসীম ও সেলিমুজ্জামান বক্তব্য রাখেন।

### আজ দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলিকে সরকারী মাস্তানমুক্ত করা এবং দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে 'ছাত্রলীগের সন্ত্রাসীদের' কবল হইতে রক্ষার দাবীতে ছাত্রদল আজ (মঙ্গলবার) দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে। ছাত্রদল নেতৃবৃন্দ গতকাল এক বিবৃতিতে ধর্মঘট সফল করার জন্য ছাত্রদল নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানাইয়াছেন।

জানা গিয়াছে, সূর্যসেন হল সমস্যা নিয়া ভিসির সহিত গতকাল ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীম ও ছাত্রদল সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি পৃথকভাবে আলোচনা করিয়াছেন। কর্তৃপক্ষ দ্রুত এই সমস্যা সমাধানের চেষ্টা চালাইতেছেন।